## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।


★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই ফাল্গুন বুধবার ১৩৬৬ ইংরাজী 2nd Mar. 1960 { ৪০শ সংখ্যা






দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২



মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই ফাল্গুন বুধবার সন ১৩৬৬ সাল।

# দোস্তে দোস্তে মামলা বাজে লোকের মাথা ব্যথা কেন ?

আমাদের মুর্শিদাবাদের বিবদমান দুই বন্ধুর এক পুরাতন গল্প আছে। গল্পটি পাঠকগণকে শোনাতে ইচ্ছা হয়েছে। দুই বন্ধু সত্য সত্যই বন্ধু নামের সংজ্ঞার আদর্শ ছিল অর্থাৎ—

"অত্যাগ সহনো বন্ধুঃ সদৈবানুমতঃ সুহৃদ্।
এক ক্রিয়ং ভবেন্মিত্রং সমপ্রাণঃ সখাদিত॥"

এই বচনের প্রথম লাইনের মত পরস্পর পরস্পরের ত্যাগ অর্থাৎ পৃথক পৃথক থাকিতে পারিতেন না। উভয়েই দেবাদিদেব মহাদেবের প্রিয় গঞ্জিকা-ধূম-সেবী ছিলেন। এক আড্ডাতে উভয়ে আনন্দভোগ করিতেন। ইঁহাদের একজন আথিক ব্যাপারে অন্যের চেয়ে অনেক হীন ছিলেন। এই শেষোক্ত বন্ধু শারদীয় পূজার পূর্ব্বে ধনী বন্ধুকে বলিলেন—বন্ধু—এবার ছেলেমেয়েদের কাপড় জামা কিছুই হবে না। বন্যায় সব ভেসে গেল। ধনী বন্ধুটি এই কথা শুনিয়া বলিলেন—"কুছ্ পরোয়া নেহি, হাম্ হ্যায়।"

পূজোর পূর্ব্বে ধনী বন্ধু দীন বন্ধুকে ১০০৲ টাকা দিলেন। দীন বন্ধু ভদ্রতা করিয়া একখানি হ্যাণ্ড-নোট লিখিয়া দিয়া বলিলেন—ভাই, একটা লেখা থাকা ভাল। ছেলেরা জান্‌বে যে বাবার ঋণ শোধ করা উচিত। ধনী বন্ধুটি—ওর দরকার কি? ছিঃ বলেও হ্যাণ্ডনোটখানা পকেটে ফেলে রাখলেন।

চিরদিন সমান যায় না। একদিন ফাঁকা তর্ক করতে করতে দুই বন্ধুতে হাতাহাতি হয় আর কি! অন্য আড্ডাধারীরা কোন রকমে উভয়কে থামিয়ে দিল।

পরদিন মহাজন বন্ধু "চাহিবামাত্র দিবার অঙ্গীকারে" লিখিত যে কাগজখানি পকেটে রাখিয়াছিলেন, দেওয়ানী আদালতে মায় সুদ দাবি দিয়া নালিশ দাখিল করিলেন। ডিক্রী হইল। দেনদারের আদায় দিবার সাধ্য নাই। গ্রেপ্তারের পেয়াদা বডিওয়ারেণ্ট লইয়া ডিক্রীদার বন্ধুর কাছে গিয়া আসামীকে সনাক্ত করিবার জন্য গেলে, ডিক্রীদার 'পেয়াদাকে নিয়ে' দেনদার বন্ধুর বাড়ীর দরজায় গেলেন। দেনদার বন্ধু তখন কলিকা লইয়া শিবের উদ্দেশে নিবেদন করিবে বন্ধুকে দেখিয়া কলিকা মাটিতে রাখিয়া বলিল যে ভক্তলোক থাকে তুলে নিবে। মহাদেবের নিকট অপরাধের শঙ্কায় ডিক্রীদার বন্ধু কলিকায় দম দিয়া সেটি আবার মাটিতে রাখিলেন। উভয় বন্ধুতে বার দুই আদান প্রদান করার পর উভয়ের অতীত বন্ধুত্ব জাগিয়া উঠিল তখন দেনদার বন্ধু ডিক্রীদার বন্ধুকে বলিলেন,—ভাই অদিনে অক্ষণে অঘটন ঘ'টে একটু বিচ্ছেদ না হয় হয়েছে, তাই ব'লে কি বন্ধু হ'য়ে বন্ধুকে বেঁধে অপমান করতে হবে? পেয়াদাকে দেখাইয়া বলিলেন—এই লোকটাকে দিয়ে আমার হাতে দড়ি দেওয়া কি বন্ধুর কাজ হবে? ডিক্রীদার বন্ধু তখন লজ্জিত হ'য়ে নিজেকে নির্দ্দোষ প্রতিপন্ন করার জন্য বন্ধুকে বুঝালেন—ঐ ব্যাটাই তো গণ্ডগোল বাধা'লে, আমি ডিক্রীজারী করার পর ও পরোয়ানা নিয়ে এসে বলে কি এখনই দেনদারকে দেখিয়ে দেন—পরন্তু আমায় দাখিল করতে হবে। ভাই ও না আসে, তবে আমি এই অপকর্ম্মের দায়ে বেঁচে যেতাম। তখন দেনদার বন্ধুর সহানুভূতি পেয়ে পেয়াদার গলা টিপে ধ'রে বলে উঠ্‌লেন—দোস্তে দোস্তে মামলা তুই বেটা কে রে? এই বলে দুই বন্ধুতে মিলে পেয়াদাকে প্রহার করেন আর বলেন—দোস্তে দোস্তে মামলা বাজে লোকের কি দরকার? এই দুই বন্ধুতেই ছিলেন গাঁজার নেশাখোর। পাশাপাশি দুই দেশের দুই রাজনীতি-মদিরা-মত্ত বন্ধু খুব ঢলাঢলির পর আবার প্রেমের বৈঠকে মিলনের দৃশ্যপট তুলিয়া পরস্পর আলিঙ্গনের বৈঠকে মিলিত হইবেন আগামী এপ্রিল মাসে তবে শুভ ১লা এপ্রিল এই শুভ মিলনের শুভ আলোচনা সুরু না হইলে হয়।

## চিনি বিক্রেতাদের লাইসেন্সের পুনর্নবীকরণ

১৯৫৯ সালের পশ্চিম বঙ্গ চিনি বিক্রেতাদের লাইসেন্স গ্রহণের আদেশ অনুযায়ী 'বি' ফর্মে চিনি বিক্রেতাদের প্রদত্ত লাইসেন্স পুনর্নবীকরণের জন্য সাদা কাগজে লিখিত আবেদনসমূহ ১৯৬০ সালের ২১শে মার্চ্চ হইতে ৩১শে মার্চ্চের মধ্যে সংশ্লিষ্ট লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট অবশ্যই দাখিল করিতে হইবে। তৎসহ চলতি লাইসেন্স এবং নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে ২ টাকা পুনর্নবীকরণের ফী প্রতি আবেদনের সহিত দাখিল করিতে হইবে। শেষ তারিখ, অর্থাৎ ১৯৬০ সালের ৩১শে মার্চ্চের পরে প্রাপ্ত আবেদনসমূহ নূতন আবেদন হিসাবে গণ্য করা হইবে এবং উহার জন্য নূতন আবেদনের যথানির্দ্দিষ্ট ফী ( ৫ টাকা ) আদায় করা হইবে।

—প্রেসনোট

## ক্ষুদ্র সঞ্চয় অভিযান

১লা মার্চ (১৯৬০) দার্জিলিং-য়ে স্থানীয় এক চিত্রগৃহে ডেপুটি কমিশনার শ্রী এন, কে, বিশ্বাস 'ক্ষুদ্র সঞ্চয় সপ্তাহের" উদ্বোধন করেন। এই উপলক্ষে অনুষ্ঠিত সভায় দার্জিলিংয়ের বিশিষ্ট ব্যক্তিগণ ও কলেজ ও বিদ্যালয়ের বহুসংখ্যক ছাত্র উপস্থিত ছিলেন। ডেপুটি কমিশনার ও অন্যান্য বক্তারা উন্নয়নমূলক অর্থনীতিতে জাতীয় সঞ্চয়ের গুরুত্বের উপর জোর দেন এবং জনগণকে সঞ্চয়শীল হইতে বলেন।

## বেকার সংখ্যা বৃদ্ধি

বাঙ্গালী বেকারের সংখ্যা ক্রমেই বাড়িতেছে দেখিয়া এবার বিধান সভার বহু সদস্যই আতঙ্ক প্রকাশ করিয়াছেন, এই বাংলা দেশেরই, বহু কলকারখানায় অবাঙ্গালীরা মোটা টাকা রোজগার করিতেছে আর বাংলার ছেলেরা হাহাকার করিয়া বেড়াইতেছে। ইহার আশু প্রতিকার না হইলে বিক্ষোভ ঠেকাইতে পারা যাইবে না। একে দ্রব্য সামগ্রী দুর্ম্মূল্য তদুপরি অধিকাংশই বেকার এ অবস্থা খুবই ভীতিপ্রদ। সময় থাকিতে সতর্ক হওয়াই বুদ্ধিমানের কার্য্য।

## ধুবুলিয়ার যক্ষ্মা হাসপাতাল, নদীয়া আদিবাসী রোগীদের জন্য রোগিশয্যা সংরক্ষিত

পশ্চিম বঙ্গ সরকার আদিবাসী রোগীদের চিকিৎসার জন্য ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতালে চারটি রোগীশয্যা সংরক্ষণের মূলধনী ব্যয় বাবদ ৩২,০০০ টাকার এক ব্যয় মঞ্জুর করিয়াছেন।

---

## তপসিলভুক্ত আদিবাসীদের আর্থিক সাহায্যদান

পশ্চিম বঙ্গ সরকারের আদিবাসী কল্যাণ বিভাগ "তপসিলভুক্ত আদিবাসীদের জন্য কেন্দ্র প্রবর্তিত কর্মসূচীর" অধীনে তফসিলভুক্ত আদিবাসীদের কৃষিজমি কিংবা/এবং বাসগৃহের জায়গা ক্রয় করিতে সাহায্য করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলা আধিবারিকগণ যাহাতে চলতি আর্থিক বৎসর উহাদের সাহায্য দিতে পারেন এই জন্য তাঁহাদের নিকট নিম্নরূপ অর্থবরাদ্দ মঞ্জুর করিয়াছেন :—

পুরুলিয়া, ২৪-পরগণা এবং মেদনীপুর—প্রত্যেক জেলার জন্য ১০০০০ টাকা; বীরভূমের জন্য—২২০০০ টাকা; বাঁকুড়া—২০০০ টাকা; মুর্শিদাবাদ —২৮০০ টাকা; মালদহ—১০,৭০০ টাকা কোচবিহার—৩,৫০০ টাকা এবং হুগলি—৪০০০ টাকা। পশ্চিম বঙ্গে মাধ্যমিক পর্যায়ে পাঠরত তফসিলভুক্ত আদিবাসী ছাত্রদের বিনাবেতনে শিক্ষার ব্যবস্থা করার জন্যও রাজ্যসরকার ৪,৮০,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন। সহর এলাকায় ছাত্রপিছু মাসিক ২০ টাকা এবং পল্লী এলাকায় ছাত্রপিছু মাসিক ১৫ টাকা হারে মাধ্যমিক পর্যায়ের তফসিলী আদিবাসী ছাত্রদের আবাসিক ব্যয় নির্বাহের জন্যও ১,৫৫,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

---

## মশা মাছির উৎপাত বৃদ্ধি

মশার উৎপাত বিশেষ বৃদ্ধি পাইয়াছে। সহরের কাঁচা পাকা পয়নালা ও পথি-পার্শ্বস্থ নরককুণ্ডগুলিতে ব্লিচিং পাউডার ও ফিনাইল দেওয়া আবশ্যক।

---

১৯৫৬ সালের সংবাদপত্র রেজিষ্ট্রেশান (কেন্দ্রীয়) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ক বিবরণ।

ফরম ৪

### জঙ্গিপুর সংবাদ

( সাপ্তাহিক সংবাদ-পত্র )

১। যে স্থান হইতে প্রকাশিত হয়—জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঙ্গ)

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত
জাতি—ভারতীয় নাগরিক
বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৬। এই সংবাদপত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাহাদের নাম ও ঠিকানা—
স্বত্বাধিকারী—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ রঘুনাথগঞ্জ ২রা মার্চ্চ, ১৯৬০ স্বাক্ষর—শ্রীবিনয়কুমার পণ্ডিত প্রকাশক।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১৪ই মার্চ্চ ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৪০ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সৌরেন্দ্রমোহন মুখোপাধ্যায় দিং দাবি ১১১ টাকা ৬৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ৬-৪৭ শতকের কাত ১২।৶০ তন্মধ্যে দেন্দারগণের দখলীয় ৬৮॥০ শতক জমির হারাহারী মতে ১।৵০ আঃ ৫০৲ খং ১৮২ রায়ত স্থিতিবান স্বত্ব

৯৩ থাং ডিঃ সুকুমার রায় দিং দেং রসুল মহাম্মদ সেখ দাবি ২১ টাকা ২৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে খান্দুয়া ১৭ শতকের কাত ২/১০ আঃ ৫৲ খং ১৮৩৩, ১৮৩৪, ১৮৪১ রায়ত স্থিতিবান স্বত্ব

১১৯ থাং ডিঃ গোবিন্দলাল দাস দিং দেং জ্ঞানরঞ্জন দাস দিং দাবি ১৬ টাকা ৮৯ নঃ পঃ থানা সুতি মৌজে ফতুল্লাপুর ১-৪১ শতকের কাত ২॥/৯ আঃ ৫৲ খং ৫৫৫

১৪০ থাং ডিঃ জিতেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং বিভূতিভূষণ দাস দিং দাবি ২৩ টাকা ৪১ নঃ পঃ থানা সুতি মৌজে মহেশাইল ২-৪৮ শতকের কাত ২৮৶০ পশ্চিম বঙ্গ গভর্ণমেণ্ট সেরেস্তায় আঃ ৫৲ খং ১৩৩৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৫৬ মনি ডিঃ শ্যামাচরণ সরকার দেং তরুলতা দাসী দিং দাবি ৫৩৯ টাকা ৩৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ৫ শতক ভিটার কাত ২ টাকা ১৩ নঃ পঃ আঃ ১০ খং ১১০ ২নং লাট মৌজাদি ঐ ২ শতক পোক্তা গৃহাদি মূল্য ৫০০৲ কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ৬০০৲ হোল্ডিং নং ১৬৪ ওয়ার্ড নং ৬

৫১ মনি ডিঃ গোপালদাস বাজাজ দেং কালুরাম জোহিরীমল এ ফার্ম্ম দিং দাবি ৪৪৭ টাকা ৮৭ নঃ পঃ থানা সুতি মৌজে ইচলিপাড়া ৭ শতক, ৪ শতক ১৩ শতক জমির কাত ৪।৮ পাই, ৩৵৮ পাই আঃ ১০০৲, ১০০৲, ১৫০৲ খং ৩৭৬, ৩৭৩, ৩৭৪, ৫৯৭ রায়ত স্থিতিবান স্বত্ব

---

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১২ই মার্চ্চ ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

২৯ স্বত্ব ডিঃ পশুপতি মাল দেং মস্‌লেতন বিবি দাবি ১১ টাকা ৫৭ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে সের ১-৪৬ শতকের বার্ষিক কাত ৫ টাকা ৩৭ নঃ পঃ আঃ ৫৲ খং ৩৯৮



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

# দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস্

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

# ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

# শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।